ফুলগাজী উপজেলা পরিষদ
উপজেলা পরিষদ কার্যালয়
ফুলগাজী, ফেনী।
www.fulgazi.feni.gov.bd

## ফুলগাজী উপজেলা পরিষদের অনুষ্ঠিত মাসিক ৪র্থ তম (সেপ্টেম্বর-২০২৪ খ্রিঃ) সাধারণ সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময় ঃ ৩০-০৯-২০২৪ খ্রিঃ, বেলা-১২:০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ২য় তলা।
সভাপতি ঃ জনাব তানিয়া ভূঁইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা এবং সদস্য'কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ এবং বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রকৌশলী বিভাগ | | | উপজেলা প্রকৌশলী, ফুলগাজী, ফেনী। |

আলোচনা-১ : উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা উন্নয়ন জমা খাত হতে দ্রুত নিম্নোক্তভাবে প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় পেশ করা হয়।

| ক্রঃ নং | গৃহীত প্রকল্পের বিবরণ | বাস্তবায়নের ধরন | পরিমাণ |
|---|---|---|---|
| ১। | পীর পাগলা, পূর্ব নিলক্ষী ও মনতলা বিডিআর সড়ক sub-base+palawall দ্বারা জরুরী মেরামত। | প্রকল্প কমিটি | ২,০০,০০০/- |
| ২। | পূর্ব ঘনিয়ামোড়া সড়কে সেচ ড্রেন ও মাটি ভরাট দ্বারা জরুরী মেরামত। | | ১,৫০,০০০/- |
| ৩। | হাসানপুর গাছার কাড়া রোডের ভাঙ্গতি sub-base+palawall দ্বারা জরুরী মেরামত- | | ১,৯৩,০০০/- |
| ৪। | আনন্দপুর স্টেশন রোডে রাস্তার ভাঙ্গতি sub-base+palawall দ্বারা জরুরী মেরামত- | | |
| ৫। | তালপুকুরিয়া মিজানের দোকানের পূর্ব পার্শ্বে ১ টি এবং কাতালিয়া ব্রীজের গোড়ায় ১ টি ভাঙ্গণ sub-base+palawall দ্বারা জরুরী মেরামত- | | ১,০০,০০০/- |
| ৬। | ক) শ্রী শ্রী লোকনাথ দূর্গা মন্দির সড়কের জরুরী মেরামত, ফুলগাজী<br>খ) উত্তর বরইয়া বণিকপাড়া দশমি ঘাট (ডা. বিবু ভূষন বাড়ী দূর্গা মন্দির) সড়কের জরুরী মেরামত | | ৩৬,৮৯৭/- |
| ৭। | ক) বরইযা উত্তর পাড়া শ্রী শ্রী দূর্গা মন্দির সড়কের জরুরী মেরামত, দরবারপুর<br>খ) বরইযা দক্ষিন পাড়া শ্রী শ্রী দূর্গা মন্দির সড়কের জরুরী মেরামত<br>গ) উত্তর শ্রীপুর জপনাম দূর্গা মন্দির সড়কের জরুরী মেরামত | | ১,২০,৮৭৮/- |
| ৮। | হাসানপুর শ্রী শ্রী সার্বজনীন দূর্গা মন্দির সড়কের জরুরী মেরামত, আনন্দপুর | | ৩৬,৪৮৪/- |
| ৯। | ক) লক্ষীপুর পাটোয়ারী বাড়ি দূর্গা মন্দির সড়কের জরুরী মেরামত<br>খ) মধ্য শ্রী চন্দ্রপুর বারঘর শ্রী শ্রী সার্বজনীন দূর্গা মন্দির সড়কে জরুরী মেরামত<br>গ) দক্ষিন শ্রী চন্দ্রপুর শ্রী শ্রী সার্বজনীন দূর্গা মন্দির সড়কে জরুরী মেরামত | | ৮৮,৫০৭/- |
| | কথায়: (নয় লক্ষ পঁচিশ হাজার সাতশত ছয়ষট্টি) মোট= | | ৯,২৫,৭৬৬/- |

সিদ্ধান্ত-১: উপস্থাপিত উন্নয়ন জমা খাত হতে প্রস্তাবিত ক্রমিক নং ০১ হতে ০৯ পর্যন্ত প্রকল্পগুলো সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়।

আলোচনা-০২: তিনি আরো জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাত হতে জরুরী ভিত্তিতে ০২ (দুই) টি প্রকল্প বাস্তবায়নের জন্য উপস্থাপন করা হয়।

| নং | প্রকল্পের বিবরণ | বাস্তবায়নের ধরণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১। | পৈথারা সোনাপুর কবরস্থানের সড়কে ০১ টি কালভার্ট জরুরী মেরামত | প্রকল্প কমিটি | ২,০০,০০০/- |
| ০২। | পৈথারা সোনাপুর কবরস্থানের সড়কে ০১ টি কালভার্ট এপ্রোচ মাটি দ্বারা মেরামত | প্রকল্প কমিটি | ৫১,৩৫০/- |

সিদ্ধান্ত-০২: উপস্থাপিত ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) হতে গৃহীত ০১ (এক) টি প্রকল্প জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়।

আলোচনা-০৩: তিনি আরো জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিল হতে জরুরী ভিত্তিতে ০১ (এক) টি প্রকল্প বাস্তবায়নের জন্য উপস্থাপন করা হয়।

| নং | প্রকল্পের বিবরণ | বাস্তবায়নের ধরণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের মেইন গেইট নির্মাণ | প্রকল্প কমিটি | ৪৫,৪৪৪/- |

সিদ্ধান্ত-০৩: উপস্থাপিত ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিল হতে গৃহীত ০১ (এক) টি প্রকল্প জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়।

আলোচনা-০৪: উপজেলা প্রকৌশলী আরো জানান যে, সম্প্রতি আগষ্ট-২০২৪ এর ভয়াবহ বন্যায় ব্যাপকহারে ক্ষতিগ্রস্থ ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে জরুরী ভিত্তিতে ০৩ (তিন) টি প্রকল্প বাস্তবায়নের জন্য উপস্থাপন করা হয়।

| নং | প্রকল্পের বিবরণ | বাস্তবায়নের ধরন | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১। | উপজেলা পরিষদ অভ্যন্তরীণ সড়কের জরুরী মেরামত অংশ-১ | প্রকল্প কমিটি | ১,৯০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২। উপজেলা পরিষদ অভ্যন্তরীণ সড়কের জরুরী মেরামত অংশ-১ | প্রকল্প কমিটি | ১,১৯,১৭৮/- |
| | | ৩। উপজেলা পরিষদের হলরুম (অডিটরিয়াম কক্ষ) মেরামত অংশ-১ | প্রকল্প কমিটি, | ১,৮৯,১৩৩/- |
| | | সিদ্ধান্ত-০৩: উপস্থাপিত ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিল এর ''অপ্রত্যাশিত খাত'' হতে গৃহীত ০৩ (তিন) টি প্রকল্প জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও সিদ্ধান্ত গৃহিত হয় এবং দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | | |
| ০২ | ত্রাণ শাখা | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তাঁর দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, |
| ০৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | ক) নিয়মিত সমিতি পরিদর্শণ করতে হবে। খ) কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ০৫ | প্রাণিসম্পদ বিভাগ | প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬ | মাঃ শিক্ষা বিভাগ | উপজেলা একাডেমীক সুপারভাইজার সভায় জানান, তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৭ | প্রাথমিক শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, ফুলগাজী, ফেনী সভায় জানান, ক) ২০২৪-২৫ খ্রিঃ অডিট বর্ষে অডিট বরাদ্দঃ কেন্দ্রীয় সমিতি-০২ টি, অডিট বরাদ্দ-০২ টি, প্রাথমিক সমিতি-৭০ টি, অডিট বরাদ্দ-৫০ টি, খ) মার্চ-২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট অডিট সম্পাদনঃ কেন্দ্রীয় সমিতি-০ টি, প্রাথমিক সমিতি-০৪ টি, গ) মোট অডিট ধার্য (কেন্দ্রীয় ও প্রাথমিক)ঃ ১৭১০০/-, - আদায় ১৭১০০/- টাকা, আদায়ের হার-১০০% ঘ) মোট ভ্যাট ধার্য (কেন্দ্রীয় ও প্রাথমিক)-২৫৬৮ টাকা, আদায় ২৫৬৮/- আদায়ের হার-১০০% ঙ) মোট সিডিএফ ধার্য (কেন্দ্রীয় ও প্রাথমিক)-১৯২৩১/- টাকা, আদায়-১৯২৩১/- টাকা, আদায়ের হার-১০০% (শতভাগ)। চ) বর্তমান মাসে সমিতি নিবন্ধন-০০ টি, ছ) বর্তমান মাসে সমিতি পরিদর্শন-০১ টি, জ) বর্তমান মাসে সমিতি তদারকি-০১ টি, ঝ) বর্তমান মাসে ভ্রাম্যমান প্রশিক্ষণ-১টি, উপস্থিত সমবায়ী-২৫ জন। | ক) নিয়মিত সমিতি পরিদর্শণ করতে হবে। খ) কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | উপজেলা সমবায় অফিসার ফুলগাজী ফেনী। |
| ০৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | সমাজসেবা কর্মকর্তা ফুলগাজী, ফেনী। |
| ১০ | মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মহিলা বিষয়ক অফিসের জরুরী কিছু মেরামত প্রয়োজন। প্রাক্কলনের মাধ্যমে উপজেলা পরিষদ কর্তৃক দ্রুত বাস্তবায়নে জন্য তিঁনি সভায় উপস্থাপন করেন। | সভাপতি অনুপস্থিত থাকার কারনে সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | যুব উন্নয়ন কর্মকর্তা ফুলগাজী |
| ১২ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | মৎস্য কর্মকর্তা ফুলগাজী, ফেনী। |
| ১৩ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা শাখা ব্যবস্থাপক সভায় জানান, তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | শাখা ব্যবস্থাপক ফুলগাজী, |
| ১৪ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান, তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | পরিসংখ্যান কর্মকর্তা ফুলগাজী, ফেনী। |
| ১৫ | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান, তাদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | নির্বাচন অফিসার ফুলগাজী, ফেনী। |
| ১৬ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | জনস্বাস্থ্য প্রকৌশলী ফুলগাজী |
| ১৯ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | খাদ্য কর্মকর্তা ফুলগাজী, ফেনী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | সামাজিক বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, পরশুরাম সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে।হবে। | বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | বিভাগীয় কর্মকর্তা |
| ২১ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান আছে। | ১। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>২। বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি ফুলগাজী |
| ২২ | বিবিধ (১) | আলোচনা-০১: উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (উপজেলা ১ শাখা), গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় ৩নং ক্রমিকে ৪নং পৃষ্ঠায় "আসবাবপত্র সংগ্রহ/মেরামত" শীর্ষক অনুচ্ছেদ ক (ক) সংশোধন মত পরিষদের মাসিক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে এক অর্থ বছরে নতুন আসবাবপত্র ক্রয়ের =৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। উক্ত খাত হতে "উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য ০১ (এক) টি এসি, অডিটরিয়াম কক্ষের জন্য ০১ (এক) টি রোস্ট্রাম, ০৩ (তিন) টি টেবিল ক্রয়ের" জন্য কমিটি গঠন করার জন্য সভায় সিদ্ধান্ত চাওয়া হয়।<br><br>সিদ্ধান্ত-০১: সভায় আসবাবপত্র ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ও নিম্নোক্ত কমিটি গঠিত হলো।<br>ক) উপজেলা সমবায় অফিসার, ফুলগাজী, ফেনী সভাপতি, খ) একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সদস্য, ও গ) মানিক লাল দাস, সহকারী প্রকৌশলী, এলজিইডি, ফুলগাজী, ফেনী সদস্য।<br>গঠিত কমিটি'কে দ্রুত কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী। | | |
| | বিবিধ (২) | আলোচনা-০১: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উপজেলা ১ শাখা কর্তৃক গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকের উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ০৩ (তিন) নং ক্রমিকের 'গ' নং অনুচ্ছেদে বর্ণিত যানবাহন মেরামতের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে বৎসরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদ ফুলগাজী, ফেনী এর উপজেলা প্রশাসক মহোদয়ের অনুকূলে বরাদ্দকৃত [ফেনী-ঘ-১১-০০২৭] নং জীপ গাড়ীটি মেরামতের প্রয়োজন হওয়ায় বিভিন্ন সময়ে সময়ে গাড়ীটি মেরামত করা হয়। (৩৩০০+১২০০+৪০০০+১৪৬০+১৬০০+৭০০+৬০০+১০৫০০) =২৩,৩৬০/- (তেইশ হাজার তিনশত ষাট) টাকা মেরামতকৃত ভাউচার সভায় অনুমোদন ও বিল পরিশোধের জন্য পেশ করেন।<br><br>সিদ্ধান্ত-০২: ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদ ফুলগাজী, ফেনী এর উপজেলা প্রশাসক মহোদয়ের অনুকূলে বরাদ্দকৃত [ফেনী-ঘ-১১-০০২৭] নং জীপ মেরামতের (৩৩০০+১২০০+৪০০০+১৪৬০+১৬০০+৭০০+৬০০+১০৫০০) =২৩,৩৬০/- (তেইশ হাজার তিনশত ষাট) টাকার বিল ভাউচার সভায় অনুমোদিত হয়। উক্ত বিল উপজেলা পরিষদের "উপজেলা রাজস্ব তহবিল হিসাব নম্বর-২০০০০০২০২: হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।<br><br>আলোচনা-০২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা ১ শাখার ৪৬.০৪৬.০২৬০০.০০.০৫৪.২০১৩-২৬৪, ১৬-০২-২০২০ খ্রিঃ তারিখের উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর '৩' নং ক্রমিকের 'ফ' নং অনুচ্ছেদে মশা নিধন: উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে সভার সিদ্ধান্তক্রমে প্রতিটি ইউনিয়নে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় করার বিধান রয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা'র স্মারক নম্বর ৫৩৬; ১৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. মতে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ নিয়ন্ত্রণে জরুরী পদক্ষেপ গ্রহন করা হয়। তৎপ্রেক্ষিতে মশা নিধনের ঔষধ (লার্ভিসাইড) ক্রয় ১০০ লিটার, জ্বালানী হিসেবে অকটেন ও ডিজেল ক্রয় এবং পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রমে শ্রমিক মজুরীসহ মোট প্রতিটি ইউনিয়নে ১০,০০০/-(দশ হাজার) টাকা করে সর্বমোট (১০,০০০X ৬) =৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয় হয়। "মশা নিধন" খাত হতে উপস্থাপিত বিল প্রদানের জন্য ভাউচার পেশ করা হয়।<br><br>সিদ্ধান্ত-০২: বিস্তারিত আলোচনার পর মশা নিধনের ঔষধ (লার্ভিসাইড) ক্রয় ১০০ লিটার, জ্বালানী হিসেবে অকটেন ও ডিজেল ক্রয় এবং পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রমে শ্রমিক মজুরীসহ মোট প্রতিটি ইউনিয়নে ১০,০০০/ (দশ হাজার) টাকা করে সর্বমোট (১০,০০০X ৬) =৬০,০০০/- (ষাট হাজার) টাকার উপস্থাপনকৃত বিল ভাউচার সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এবং উপজেলা রাজস্ব তহবিলের হিসাব নম্বর-২০০০০০২০২। হতে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।<br><br>আলোচনা-০৩: উপজেলা প্রকৌশলী আরো জানান যে, ক) উপজেলা পরিষদ মাসিক সভা ও আপ্যায়নে আতিথেয়তা করার জন্য মডেল-ডিইএলআর-১৪৯০ জগ = ১২ (জগ) টি পিছ, ওয়াটার গ্লাস গ্লাস সেট (।।১১।) = ৪৮ পিছ। ক্রয়ের প্রয়োজন। মহোদয়ের মৌখিক নির্দেশে দ্রুত ক্রয় করা হয়। এতে সর্বমোট ব্যয় হয় ২৩,০৪০/- (তেইশ হাজার চল্লিশ) টাকা।<br>খ) উপজেলা গেজেটেড কোয়ার্টারের নীচতলায় পশ্চিম পার্শ্বে অবস্থিত মেইন দরজা মেরামত দ্রুত প্রয়োজন হওয়ায় মহোদয়ের মৌখিক নির্দেশে দ্রুত মেরামতকাজ বাস্তবায়ন করা হয়। এতে মোট =১২৯৭০/- (বার হাজার নয়শত সত্তর) টাকা ব্যয় হয়। এবং | | |

উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ইলেকট্রিক লাইন মেরামত, হলরুম বিদ্যুৎ লাইন মেরামত ও আনসারদের জন্য ফ্যান ক্রয় প্রয়োজন হওয়ায় জরুরীভিত্তিতে কাজ বাস্তবায়ন করা হয়। এত মোট ব্যয় হয় =১১,৯১০/- (এগার হাজার নয়শত দশ) টাকা।
গ) তিনি আরো জনান, উপজেলা নির্বাহী অফিসারে বাসভবনের ২য় তলায় থাই গ্লাস জরুরী ভিত্তিতে প্রয়োজন হওয়ায় মহোদয়ের মৌখিক নির্দেশে দ্রুত স্থাপন করা হয়। এতে মোট= ২১,৯৯০/- (একুশ হাজার নয়শত নব্বই) টাকা ব্যয় হয়। বিল পরিশোধে জন্য সভায় বিল ভাউচারাদি (ক,খ ও গ) সভায় উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত-০৩:
ক) উপজেলা পরিষদ মাসিক সভা ও আপ্যায়নে আতিথিয়তা করার জন্য মডেল-ডিইএলআই-১৪৯০ জগ = ১২ (জগ) টি পিছ, ওয়াটার জুস গ্লাস সেট UT5503 = ৪৮ পিছ ক্রয়ের ২৩,০৪০/- (তেইশ হাজার চল্লিশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হিসাব নম্বর : ২০০০০০২০২ হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
খ): বিস্তারিত আলোচনার পর উপস্থাপিত =১২৯৭০/- (বার হাজার নয়শত সত্তর) টাকা ও =১১,৯১০/- (এগার হাজার নয়শত দশ) টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হিসাব নম্বর : ২০০০০০২০২ হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
গ) বিস্তারিত আলোচনার পর উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের স্থাপনকৃত থাইগ্লাসের ২৩,০৪০/- (তেইশ হাজার চল্লিশ) বিল সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় ও উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হিসাব নম্বর : ২০০০০০২০২ হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে: প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।

**বিবিধ (৩)**

আলোচনা: উপজেলা প্রকৌশলী সভায় জানান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা'র ৪৬.০০. ০০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২ (অংশ-১)-২৭২, তারিখ: ২৬ মার্চ ২০২১ খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবসান ভবন নির্মাণের জন্য প্রদত্ত লে-আউট অনুযায়ী =২১,১৭,১৪০/- (একুশ লক্ষ সতের হাজার একশত চল্লিশ) টাকার প্রাক্কলন অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত-০৪: বিস্তারিত আলোচনার পর উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবসান ভবন নির্মাণের জন্য সদর দপ্তর থেকে প্রাপ্ত লে-আউট অনুযায়ী প্রাক্কলনের =২১,১৭,১৪০/- (একুশ লক্ষ সতের হাজার একশত চল্লিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, ফুলগাজী, ফেনী।

**বিবিধ (৪)**

আলোচনা: উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ফুলগাজী উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা পরিষদ প্রশাসনিক মূল ভবন ও উপজেলা গেজেটেড কোয়ার্টারের কাজ খুবই জরুরি মেরামত ও সংস্কার করা প্রয়োজন হওয়ায় মহোদয়ের মৌখিক নির্দেশে প্রাক্কলণ প্রস্তুত করা হয়। যাহার প্রাক্কলিত মূল্য সহ বাস্তবায়নের জন্য উপস্তাপন করা হলো।

| ক্রমিক | প্রকল্পের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ ভবন মেরামত ও সংস্কার অংশ-১ (Civil Work) | ৫০,৮৩,৭৮৩/- | |
| ০২ | উপজেলা পরিষদ ভবন মেরামত ও সংস্কার অংশ-২ (Sanitary Work) | ২,২৫,৫২০/- | |
| ০৩ | উপজেলা পরিষদ ভবন মেরামত ও সংস্কার অংশ-৩ (Electric Work) | ৪৬,২৬০/- | |
| ০৪ | উপজেলা গেজেটেড কোয়ার্টার মেরামত | ৪,৪৭,৭৬০/- | |
| | (আটান্ন লক্ষ তিন হাজার তিনশত তেইশ) টাকা মাত্র সর্বমোট= | ৫৮,০৩,৩২৩/- | |

সিদ্ধান্ত- উপস্থাপিত উপজেলার অভ্যন্তরে উপজেলা প্রশাসনিক মূল ভবন ও উপজেলা গেজেটেড কোয়ার্টার দ্রুত মেরামত ও সংস্কার কাজ জরুরি বিধায় ০১ নং হতে ০৪ নং মেরামত কাজগুলো বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। চূড়ান্ত অনুমোদনসহ অর্থ বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নেঃ প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, ফুলগাজী, ফেনী।

সভাপতি বিভাগীয় প্রধানদের বক্তব্য শুনেন এবং বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হন। তিনি উপস্থিত বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাদের সরকারি দায়িত্ব পালনে আরো সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন। সকলকে সরকারী দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য অনুরোধ করেন। সরকারি দপ্তরগুলোকে জনগনের সেবা কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য অনুরোধ করেন এবং সকলের সহযোগিতায় ফুলগাজী উপজেলাকে একটি আদর্শ উপজেলা হিসাবে গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর অদ্যকার আলোচ্যসূচিতে আর কোন প্রসঙ্গ না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩০. ২. ২৪

(তানিয়া ভূইয়া)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
ফুলগাজী, ফেনী।